

## Tux Typing এর জন্য নির্দেশ পত্র

স্পোকেন টিউটোরিয়াল দল

আই আই টি বোম্বে

### 1- অনলাইন / অফলাইন বিষয়বস্তু

1. স্পোকেন টিউটোরিয়ালের অনলাইন বিষয়বস্তু এই লিঙ্ক থেকে অ্যাক্সেস করা যেতে পারে <http://spoken-tutorial.org/tutorial-search/>
2. স্পোকেন টিউটোরিয়াল অফলাইন শেখার জন্য এই লিঙ্ক থেকেও ডাউনলোড করতে পারেন <http://spoken-tutorial.org/cdcontent/>
3. আপনি যে ভাষায় শিখতে চান লিঙ্ক থেকে সেই FOSS Category ডাউনলোড করুন।
4. স্পোকেন টিউটোরিয়াল বিষয়বস্তু মেশিনে একটি zip ফাইল হিসাবে ডাউনলোড করা হবে।
5. zip ফাইলের বিষয়বস্তু নিষ্কাশিত করে তাদের অ্যাক্সেস করুন।

### 2-অনুশীলন করার পদ্ধতি

1. আপনাকে স্পোকেন টিউটোরিয়ালের একটি সেট এবং ফাইল দেওয়া হয়েছে।
2. আপনি সাধারণত এক সময়ে একটি টিউটোরিয়াল করতে পারবেন।
3. আপনি স্পোকেন টিউটোরিয়াল শুনতে পারেন এবং ভিডিওতে দেখানো সকল পদক্ষেপ পুনরায় করে দেখতে পারেন।
4. আপনার উপরোক্ত কাজ কঠিন মনে হলে সম্পূর্ণ টিউটোরিয়াল একবার শুনুন এবং তারপর দ্বিতীয়বার শোনার দরুন অনুশীলন করুন।

### 3- **Tux Typing**

1. "Select FOSS" বা "All FOSS Categories" ড্রপ ডাউনে টিপুন এবং "Tux Typing" নির্বাচন করুন।
2. "Select Language" বা "All Languages" ড্রপ ডাউনে টিপুন এবং ভাষা (ইংরেজি, হিন্দি, মারাঠি ...) নির্বাচন করুন যা আপনি শিখতে চান।
3. "Submit" বোতামে টিপুন।
4. আপনি আপনার নির্বাচনের উপর ভিত্তি করে টিউটোরিয়ালের তালিকা দেখবেন।
5. প্রদর্শিত তালিকার প্রথম টিউটোরিয়াল দিয়ে শুরু করি।

### 4. প্রথম টিউটোরিয়াল: **Getting started with Tux Typing**

- 1 . Getting started with Tux Typing টিউটোরিয়াল খুঁজুন এবং এটিতে টিপুন।
2. টিউটোরিয়ালটি দেখতে, প্লেয়ারে অবস্থিত, Play আইকনে টিপুন।
3. পূর্বে প্রয়োজনীয় জিনিস অর্থাৎ প্রি-রিকুইসিট (শুধুমাত্র অনলাইন বিষয়বস্তুর জন্য) প্লেয়ারের নীচের দৃশ্যমান হবে।
4. আউটলাইন, নির্দেশিত কাজ, কোড ফাইল এবং স্লাইড প্লেয়ারের নীচে দৃশ্যমান।
5. আপনার ব্রাউসারের আকার এইভাবে বিন্যাস করুন যাতে সাথে সাথে আপনি অনুশীলন করতে পারেন।

#### **4.1- অনুশীলনের নির্দেশাবলী**

(a) টিউটোরিয়ালে দেখানো সকল কমান্ড ঠিক ঠিক পুনঃ চেষ্টা করে

দেখুন।

#### **4.2- নির্দেশিত কাজের জন্য সাধারণ নির্দেশাবলী**

(a) টিউটোরিয়ালে নির্দেশ করা নির্দেশিত কাজ চেষ্টা করুন।

6. সম্পূর্ণ টিউটোরিয়াল চালান-থামান-অভ্যাস করুন।

7. একবার টিউটোরিয়ালে সমাপ্ত হয়ে গেলে, প্লেলিস্ট থেকে পরবর্তী টিউটোরিয়াল

নির্বাচন করুন যা প্লেয়ারে ডান পাশে বা নীচে অবস্থিত।

8. শৃঙ্খলার সকল টিউটোরিয়াল সমাপ্ত করা পর্যন্ত সর্বোপরি নির্দেশাবলী অনুসরণ

করুন।